

উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর।

স্মারক নং- ৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০৩.২১- ৬২/১

তারিখঃ ০৬/১১/২০২১খ্রিঃ

বিষয় : উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগাতিপাড়া উপজেলা পরিষদের নিম্ন বর্ণিত স্থায়ী কমিটি সভা সমূহ আগামী ০৮/১১/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় 'বড়াল' সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

- ১। বিভাগীয় কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
- ২। বিবিধ।

সভার নামঃ-

- ১। আইন-শৃংখলা কমিটি।
- ২। প্রাথমিক ও গণ শিক্ষা কমিটি।
- ৩। জন স্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি।
- ৫। অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি।
- ৬। যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি।
- ৭। সমাজ কল্যাণ কমিটি।
- ৮। মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি।
- ৯। পরিবেশ ও বন কমিটি।

প্রাপক : -----

বাগাতিপাড়া, নাটোর।

(মোঃ আব্দুল হাদী)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১(লালপুর-বাগাতিপাড়া)।
- ২। জেলা প্রশাসক, নাটোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বাগাতিপাড়া, নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

সভাপতিঃ মোঃ আব্দুল হাদী

সভার স্থানঃ উপজেলা বড়াল সভাকক্ষ, বাগাতিপাড়া, নাটোর।

সময়ঃ বেলা ১০.৩০ ঘটিকা।

তারিখঃ ০৬/১১/২০২১ খ্রিঃ।

সভায় সম্মানিত সদস্যগণের উপস্থিতিঃ


উপস্থিতির স্বাক্ষরঃ পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০১। আলোচনাঃ- সভাপতি মহোদয় সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা সমাজসেবা অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন প্রকার সংযোজন ও বিয়োজন ছাড়াই কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়।

০২। আলোচনাঃ- আলোচ্যসূচী নং- ০২ এর আলোচনান্তে সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলায় নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের যে সকল জনকল্যাণকর কার্যক্রম রয়েছে তার সাধারণ ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জনগণকে সম্পৃক্ত করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা পর্যালোচনা হয়।

সিদ্ধান্তঃ সভায় সর্বসম্মতিক্রমে অত্র উপজেলায় নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের মাধ্যমে উপকারিতা জনগণের মাঝে পৌঁছে দেওয়া সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আব্দুল হাদী)

উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা সমাজকল্যাণ স্থায়ী কমিটি
বাগাতিপাড়া, নাটোর।